# ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলা পরিষদের অক্টোবর/২০২৫ মাসে অনুষ্ঠিত মাসিক সাধারণ সভার কার্যবিবরণী:

সভাপতি : জনাব এন. এম. আবদুল্লাহ-আল-মামুন
প্রশাসক, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, গফরগাঁও, ময়মনসিংহ।
সভার তারিখ : ১৬.১০.২০২৫ খ্রিস্টাব্দ
সভার সময় : বেলা ১০:০০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা পরিচালনা শুরু করেন। তিনি কার্যবিবরণীতে কোন সংশোধনী থাকলে স্ব স্ব বিভাগীয় কর্মকর্তা ও ইউনিয়ন পরিষদ প্রশাসকগনকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। এর পর সভায় নিম্নোক্ত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন | কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল |
| ০২ | **উপজেলা প্রকৌশলী বিভাগ:** উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে,<br>(০১) ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি এর বরাদ্দ পাওয়া গিয়েছে। সে মোতাবেক এডিপি এর প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। কিন্তু ইউনিয়ন পরিষদ প্রশাসক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগনের নিকট হতে এখনো পূর্ণাংগ প্রকল্প তালিকা পাওয়া যায়নি। তবে ইতোমধ্যে প্রাপ্ত ২৩টি এডিপি এর প্রকল্পের তালিকা (আংশিক) অনুমোদন করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>০২) উপজেলা প্রকৌশলী সভাকে জানান যে, গফরগাঁও উপজেলায় ২০২৫-২০২৬ অর্থ বছরে বিভিন্ন রাস্তা নির্মাণের জন্য প্রাপ্ত আবেদনগুলো যাচাই-বাছাইসহ অগ্রাধিকারভিত্তিক তালিকা তৈরির কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে ইউনিয়ন পরিষদ প্রশাসকগণের সহযোগিতা কামনা করেন। আবেদনগুলো যাচাই-বাছাইক্রমে অগ্রাধিকারভিত্তিক তালিকা তৈরির কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>০৩) উপজেলা প্রকৌশলী সভায় জানান. ২০২৩-২০২৪ অর্থ বছরের উন্নয়ন তহবিলের আওতায় শিলাশী হাটুরিয়া রাস্তায় আজিজ এর বাড়ীর নিকট বক্স কালভার্ট এর কাজটি রাজনৈতিক পরিস্থিতির জন্য যথাসময়ে শেষ করতে না পারায় ঠিকাদার নোহা এন্টারপ্রাইজ আগামী ৩০/০৬/২০২৬ তারিখ পর্যন্ত সময় বর্ধিত করণের জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>০৪) উপজেলা প্রকৌশলী সভায় জানান. প্রশাসক, ০৭ নং মশাখালী ইউনিয়ন পরিষদ কর্তৃক ১৪৩১ ও ১৪৩২ বঙ্গাব্দ হাট বাজারের ১৫% ও ১০% অংশ হতে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন কমিটি অনুমোদন করার অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ০১) জরুরীভিত্তিতে এডিপি এর পূর্ণাংগ প্রকল্প দাখিল করা এবং এডিপি প্রকল্প হতে আংশিক ১৭৯ লক্ষ টাকার ২৩ প্রকল্প অনুমোদন করা হয়। তন্মধ্যে ৩২ লক্ষ টাকার ১১টি প্রকল্প, প্রকল্প কমিটির মাধ্যমে এবং অবশিষ্ট ১২টি প্রকল্প টেন্ডারের মাধ্যমে বাস্তবায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০২) ২০২৫-২০২৬ অর্থ বছরে নির্মানের জন্য প্রাপ্ত আবেদনগুলো দ্রুত যাচাই-বাছাইক্রমে অগ্রাধিকার ভিত্তিক তালিকা তৈরি করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৩) উপজেল প্রকৌশলী কর্তৃক উত্থাপিত ঠিকাদার নোহা এন্টারপ্রাইজ এর কাজ আগামী ৩০/০৬/২০২৬ তারিখ পর্যন্ত সময় বর্ধিত করণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>০৪) প্রশাসক, ০৭ নং মশাখালী ইউনিয়ন পরিষদ কর্তৃক দাখিলকৃত প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন কমিটি অনুমোদন করণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক উপজেলা পরিষদ/ উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী |
| ০৩ | **উপজেলা স্বাস্থ্য বিভাগ:** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, অক্টোবর/২০২৫ মাসে আউটডোরে ১৪৪১৯ জন, ইমার্জেন্সিতে ৩৮৫৩ জন এবং ইনডোর ১৫৮১ জন রোগীকে সেবা প্রদান করা হয়েছে। এছাড়া ৪৫৪ জন রোগীর প্যাথলজিক্যাল পরীক্ষা-নিরীক্ষা, ৬৬জন রোগীর আলট্রাসনোগ্রাম, ১৪০ জন রোগীর এক্সরে, ১২৭ জন রোগীর ইসিজি এবং আইএমসিআই বিভাগে ২৭৫০ জন শিশু রোগীকে সেবা দেয়া হয়েছে। কমিউনিটি ক্লিনিক থেকে প্রসবপূর্ব, প্রসবোত্তর এবং পরিবার পরিকল্পনা মিলিয়ে ৯৩৫ জনকে সেবা প্রদান করা হয়েছে। স্বাস্থ্য কমপ্লেক্সের ল্যাবে নিয়মিত ডেঙ্গু পরীক্ষা করা হচ্ছে। স্বাস্থ্য কমপ্লেক্সের এ্যাম্বুলেন্সটি ত্রুটিপূর্ণ থাকায় মেরামত করা প্রয়োজন। উল্লেখ্য যে, গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স বর্তমানে হেলথ সিস্টেম স্ট্রেনথেনিং স্কোরিংয়ে ৩৬ নম্বরে উন্নীত হয়েছে। যাহা ডিসেম্বর ২০২৪ এ ছিল ৩৬০ নম্বরে। সীমিত সাধ্যের মধ্যে গফরগাঁও উপজেলা স্বাস্থ্য বিভাগের রোগীদের সার্বিক সেবাদানের জন্য সর্বদা অঙ্গীকারাবদ্ধ। এছাড়াও অন্যান্য কাজ স্বাভাবিক রয়েছে। | ১। হাসপাতালে রোগীদের সেবার মান বৃদ্ধি করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা |

চলমান পাতা-০২

CamScanner

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৪ | উপজেলা কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, গত ২০২৫-২৬ অর্থবছরে প্রাপ্ত বিভিন্ন প্রণোদনা বিতরণ কার্যক্রম যথাসময়ে চলমান হয়েছে। রাসায়নিক সারের মজুদ পরিস্থিতি যাচাইকরত: উপজেলা কৃষি অফিসের পক্ষ থেকে সার্বক্ষনিক মনিটরিং করা হচ্ছে। মাঠ পর্যায়ে উপসহকারী কৃষি অফিসারগণ রোস্টার ভিত্তিক সার্বক্ষণিক মনিটরিং করে যাচ্ছেন। গত আগস্ট/২০২৫ মাসের তুলনায় সেপ্টেম্বর/২০২৫ খ্রি: রাসায়নিক সারের মজুদ ইউরিয়া-১৯৬ মে:টন, টিএসপি-৪৯, ডিএপি-১০৫ ও এমওপি-১২৪ মে:টন বেশি রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। রাসায়নিক সার মজুদ, বিতরণ পরিস্থিতি পর্যবেক্ষণ অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, গফরগাঁও |
| ০৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২৪-২০২৫ অর্থ বছরের টিআর, কাবিখা, কাবিটা এর কাজ শতভাগ সম্পন্ন হয়েছে এবং সমাপ্তি প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থ বছরের টিআর/কাবিখা/কাবিটার বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দকৃত অর্থ ইউনিয়ন পরিষদ প্রশাসকগণের অনুকূলে উপবরাদ্দক্রমে প্রকল্প চেয়ে পত্র দেয়া হয়েছে। টেউটিন ও শকনা খাবার/খদ্য বিতরণ করা হয়েছে। এছাড়া এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কাজের গুণগত মান ঠিক রেখে তা দ্রুত সময়ে বাস্তবায়ন ও নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ০৬ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জানান যে, জাতীয় প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ২০২৫ আগামী নভেম্বর মাসের তৃতীয় সপ্তাহে অনুষ্ঠিত হবে। এ উপলক্ষ্যে প্রাণিসম্পদ ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতি স্বরুপ জাতীয়ভাবে ৯ ক্যাটাপরিতে (খামার-গরু, মহিষ, ছাগল, ভেড়া, হাঁস, মুরগী, কবুতর, প্রাণী ও প্রাণিজ পণ্য উৎপাদন প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানি) ০৯টি স্বর্ণ ও ১৮টি রৌপ্য পদক প্রদান করা হবে। আগ্রহী খামারী ও উদ্যোক্তাগণকে ২৩/১০২/২০২৫ তারিখের মধ্যে প্রাণিসম্পদ অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ জানান। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | ক্ষুদ্র-নৃগোষ্ঠী পরিবারের সুফলভোগীদের নামের তালিকা জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, গফরগাঁও |
| ০৭ | উপজেলা মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ সফলভাবে সম্পন্ন হয়েছে, ০৯টি প্রাতিষ্ঠানিক পুকুর ও আমখোলা বিলে সর্বমোট ৪৪১ কেজি পোন অবমুক্ত করা হয়েছে। ১৯৫০ মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের লক্ষ্যে ব্রক্ষপুত্র নদে মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনা করা হয় এবং অভিযান পরিচালনা কালে ১৬০০ মিটার চায়না দুয়ারী জাল ও ৩ (তিন) মিটার কারেন্ট জাল জব্দ করা হয়। জেলেরা পলিয়ে যায়, পরে জালগুলি আগুনে পুড়িয়ে ধ্বংস করা হয় এছাড়াও এ দপ্তরের অন্যান্য কার্যক্রম সমুহ হলো-(১) মৎস্য চাষিদের পরামর্শ প্রদান করা হচ্ছে, (২) পুকুর/ মৎস্য খামার পরিদর্শণ করা হচ্ছে, (৩) ডিজিটাল যন্ত্রেম মাধ্যমে পুকুরের পানি পরীক্ষা করে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করা হয়, (৪) মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নের লক্ষ্যে অভিযান অব্যহত আছে, (৫) সকল ইউনিয়নে যেসব জলাশয়/ পুকুরে লিটার (মুরগির বিষ্ঠা) ব্যবহার অপরাধ এই বিষয়ে তাদের কে নোটিশ প্রদান করা হচ্ছে। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | জাতীয় মৎস্য সপ্তাহ-২০২৫ উদযাপন করতে হবে। মৎস্যচাষীদের সাথে নিয়মিত যোগাযোগ এবং মনিটরিং করতে হবে। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, গফরগাঁও |
| ০৮ | উপজেলা বিদ্যুৎ বিভাগ (পিডিবি): নির্বাহী প্রকৌশলী (পিডিবি) এর প্রতিনিধি সভায় জানান যে, লো-ভোল্টেজ/ওভার লোড জনিত সমস্যা নিরস কল্পে দপ্তর হইতে নতুন নতুন লাইন নির্মাণ এবং আপগ্রেডেশন কাজ চলমান রহিয়াছে। দেশে বিরাজমান বিদ্যুৎ ঘাটতি জনিত সমস্যা থাকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক বিভিন্ন নির্দেশনার আলোকে এবং বিউবো'র উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক বরাদ্দকৃত লোড অনুযায়ী এবং গুরুত্ব বিবেচনা করে সীমিত সময়ের জন্য সিডিউল করে লোড-শেডিং প্রদান করিয়া অত্র দপ্তরের আওতাধীন এলাকা সমূহে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। মাইজবাড়ী/বালিপাড়া উপকেন্দ্রের সক্ষমতা বৃদ্ধিও লক্ষ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের প্রকল্প দপ্তরের মাধ্যমে বিদ্যুৎ লাইন নির্মাণ/উপকেন্দ্র সমূহ ক্ষমতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ট্রান্সফরমার/যন্ত্রাংশ স্থাপনের কাজ চলমান রয়েছে। তবে অত্র দপ্তরের আওতাধীন এলাকা হতে ট্রান্সফরমার চুরির সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। এ পর্যন্ত অত্র দপ্তরের আওতাধীন বিভিন্ন এলাকা হতে ১৮টি ট্রান্সফরমার চুরি হয়েছে। ট্রান্সফরমার চুরি এলাকাগুলোর মধ্যে ধামাইল, ভরভরা , রসুলপুর, বাগুয়া, গফরগাঁও পৌরসভা, বিরই, সালটিয়া, ভারইল, গন্ডগ্রাম এবং বাহাদুরপুর(বালিপাড়া) রয়েছে। ট্রান্সফরমার চুরি রোধ কল্পে গ্রাহক পর্যায়ে মাইকিং লিফলেট বিতরণ এবং গভীর রাত্রে টহল ব্যবস্থা জোরদার করা হয়েছে। এই মর্মে অত্র দপ্তরের কর্মকর্তা/কর্মচারী/নিরাপত্তা প্রহরী সমন্বয়ে একটি টহল কমিটি গঠন করা হয়েছে। অত্র দপ্তরের রাজস্ব আদায় বৃদ্ধির লক্ষে বিলের সহিত বিল পরিশোধের নোটিশ জারী, অবৈধ গ্রাহক চিহ্নিত করে সংযোগ বিচ্ছিন্নকরণে, বকেয়াধারী গ্রাহকের সংযোগ বিচ্ছিন্ন করে বকেয়া আদায় ত্বরান্বিত করণসহ বিজ্ঞ ম্যাজিস্ট্রেট মহোদয়ের মাধ্যমে মোবাইল কোর্টের কাজ চলমান। এছাড়াও বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | ১। বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রাখতে হবে।<br>২। লোডশেডিং এর বিষয়ে অবহিত করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার/ নির্বাহী প্রকৌশলী, পিডিবি, গফরগাঁও |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৯ | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ:</u> উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সভায় জানান যে, গত ১৫ নভেম্বর ২০২৫ তারিখ হতে ডিগ্রী (৩য় বর্ষ) পরীক্ষা এবং গত ২৫ নভেম্বর ২০২৫ তারিখ হতে ২০২৪ সালের ফাজিল স্নাতক (পাস) ১ম, ২য় ও ৩য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত, প্রাইভেট, রিটেইক ও মান-উন্নয়ন) পরীক্ষা চলমান। প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সহশিক্ষা কার্যক্রম জোরদারসহ স্কাউট ফি আদায় নিশ্চিত আদায় করা হচ্ছে। এছাড়াও অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | সকল কার্যক্রম নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | <u>উপজেলা শিক্ষা বিভাগ:</u> উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার(ভার:), সভায় জানান যে, (১) ৩য়, ৪র্থ, ৫ম শ্রেণীর ৩০জন শিক্ষার্থীদের উপজেলায় রিডিং প্রতিযোগিতার আয়োজন করা হবে। (২) অক্টোবর ও নভেম্বর মাসে প্রাথমিক বৃত্তি পরীক্ষার ০২টি মডেল টেস্ট অনুষ্ঠিত হবে। (৩) প্রাথমিক বৃত্তি পরীক্ষা-২০২৫ এর প্রাথমিক ভাবে ০৪টি পরীক্ষার কেন্দ্র প্রস্তাব করা হয়েছে।<br>এছাড়া অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান আছে। | শিক্ষকদের নিয়মিত ক্লাশে উপস্থিত নিশ্চিত করাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠান নিয়মিত মনিটরিং করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১১ | <u>উপজেলা সমাজসেবা বিভাগ:</u> সভায় জানান যে, গফরগাঁও উপজেলায় সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় অত্র উপজেলায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতার অনলাইন আবেদন গ্রহণ সম্পন্ন হয়েছে। সকল নিয়মিত ও মৃত ভাতাভোগীদের প্রতিস্থাপন করে শতভাগ নির্ভূল পেরোল প্রদানের নির্দেশনা রয়েছে। এমতাবস্থায় সকল ইউনিয়ন প্রশাসকবৃন্দকে অতিদ্রুত ইউনিয়ন কমিটির সভার কার্যবিবরণী প্রতিস্থাপিত ভাতাভোগীর তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ করেন। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল ভাতা কার্যক্রম মনিটরিং করতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার |
| ১২ | <u>উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:</u> উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ভালনারেবল উইমেন বেনিফিট ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় জুলাই/২৫ থেকে জুন/২৭ চক্রে অত্র উপজেলার ১৫টি ইউনিয়নে ২৫০২ জন উপকারভোগী নির্বাচন উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদন সম্পাদনপূর্বক ইউনিয়নওয়ারী উপকারভোগীদের কার্ড, জুলাই/২৫ - সেপ্টেম্বর/২৫ মাসের খাদ্যশস্য বিতরণ চলমান। মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে পৌরসভা ও ইউনিয়ন পরিষদে অনলাইনে ভাতাভোগীদের আবেদন সম্পন্ন করে জুলাই/২৫ – অক্টোবর/২৫ পর্যন্ত পাইথল, নিগুয়ারী, টাংগাব ইউনিয়ন হতে ৪০টি আবেদনের মধ্যে একটিও পাওয়া যায়নি। অফিসের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ভিডব্লিউবি কর্মসূচির আওতায় নির্বাচিত উপকারভোগীদের উপজেলা কমিটি কর্তৃক চূড়ান্ত অনুমোদন করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১৩ | <u>বিআরডিবি :</u> উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিআরডিবি'র আওতাভূক্ত ০৮ টি কর্মসূচি/প্রকল্পের সমিতি/দল গঠন: মোট পুরুষ =৫১৫ টি, মহিলা =৯৩ টি, সর্বমোট =৬০৮ টি। মোট সদস্য সংখ্যা: পুরুষ =২৩৮৭৬ জন, মহিলা =২৪৪৫ জন, সর্ব মোট =২৬৩২১ জন। মোট শেয়ার আদায়: পুরুষ =৩১.৭৮ লক্ষ টাকা, মহিলা =৬.৩৪ লক্ষ টাকা, সর্ব মোট= ৩৮.১২ লক্ষ টাকা। মোট সঞ্চয় আদায়: পুরুষ =৭৭.০৯ লক্ষ টাকা, মহিলা =২০.৭৮ লক্ষ টাকা, সর্ব মোট =৯৭.৮৭ লক্ষ টাকা । মোট ঋণ তহবিল প্রাপ্তি =১০৭৬.২০ লক্ষ টাকা। মোট ঋণ বিতরণ: পুরুষ =১০৯৩.৯৩ লক্ষ টাকা, মহিলা =৩৯৭.০২ লক্ষ টাকা, সর্ব মোট ঋণ বিতরণ = ১৪৯০.৯৫ লক্ষ টাকা । মোট ঋণ আদায়: পুরুষ =৯১২.৭৮ লক্ষ টাকা, মহিলা =৩৪৭.৩১ লক্ষ টাকা, সর্ব মোট =১২৬২.০৯ লক্ষ টাকা। মূল কর্মসূচী (ইউসিসিএ) ব্যতীত মহিলা উন্নয়ন অনুবিভাগ (মউ), আবর্তক, সদাবিক, পল্লী প্রগতি ও বীর মুক্তিযোদ্ধা ও তাঁদের পোষ্যদের আত্নকর্মসংস্থান কর্মসূচী, পল্লী উদ্যোক্তা ঋণ কর্মসূচী'র সাংগঠনিক এবং ঋণ কার্যক্রম চলমান আছে। | ১। ঋণ বিতরণ ও আদায় নিশ্চিত করতে হবে। বিআরডিবির সকল মাঠ কর্মীদের ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সাথে সমন্বয় করে কাজ করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার |

<u>মাসিক অগ্রগতি</u>

| সমিতি/দল গঠন | | | সদস্য ভর্তি | | | শেয়ার আদায় (লক্ষ টাকায়) | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মাস | বছর | ক্রমপুঞ্জিত | মাস | বছর | ক্রমপুঞ্জিত | মাস | বছর | ক্রমপুঞ্জিত | মাস | বছর | ক্রমপুঞ্জিত |
| ০ | ০ | ৬০৮ | ০ | ০ | ২৬৩২১ | ০১ | ০.০১ | ৩৮.১৮ | ০.০৭ | ০.০৭ | ৯৭.৮৭ |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|

| ঋণ বিতরণ (লক্ষ টাকায়) | | | ঋণ আদায় (লক্ষ টাকায়) | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| মাসে | বছরে | ক্রমপুঞ্জিত | মাসে | বছরে | ক্রমপুঞ্জিত | |
| ০ | ৩১.৮৮ | ১৪৯০.১৫ | ২.১৬ | ২৯.৩২ | ১২৫৫.৮৭ | |

বিআরডিবি'র নির্মিত ০৩ টি জোড়াবাড়ির বকেয়াসহ বাসা ভাড়া ও গ্যাস বিল আদায়ের প্রয়োজনীয় সহায়তা প্রদানের অনুরোধ জানান। এ ছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

০২। <u>পল্লী জীবিকায়ন প্রকল্প (পজীপ)</u>: উপজেলা প্রকল্প কর্মকর্তা সভায় জানান যে, ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে।

| ক্র.নং | পল্লী জীবিকায়ন প্রকল্প-৩য় পর্যায় | | | | পল্লী জীবিকায়ন কর্মসূচী (পজীক) | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | বিবরণ | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত | লক্ষ্যমাত্রা | অর্জন | ক্রমপুঞ্জিত | মন্তব্য |
| ০১ | দল গঠন | ৯২ | ২০ | ২৫ | ১২০ | ০ | ৮৪ | - |
| ০২ | সদস্য ভর্তি | ৩২২২ | ১০০ | ৪৮৫ | ৩০০০ | ০ | ২২৮০ | - |
| ০৩ | শেয়ার জমা | ০ | ০ | ০ | ১২.০০ | ০ | ৮.৩৬ | - |
| ০৪ | সঞ্চয় জমা | ৮৬.৬৯ | ১.৫০ | ১৮.০৭ | ৪০.০০ | ০ | ২৯.৮৮ | - |
| ০৫ | ঋণ বিতরণ | ১০১.৬৩ | ০ | ১৩৮.৬২ | ০ | ০ | ৫৫৩.৪৪ | - |
| ০৬ | ঋণ আদায় | ১০১.৬৩ | ৪.৯০ | ৬৬.৩৭ | ৫৫৩.৪৪ | ০ | ৪২৫.৪১ | - |
| ০৭ | প্রশিক্ষণ | ৮০০ | ০ | ৪৮০ | ০ | ০ | ০ | - |

উল্লেখ্য যে,ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। নতুন সমিতি গঠন ও সদস্য নির্বাচনের ক্ষেত্রে প্রকল্পের নীতিমালা অনুযায়ী কাজ করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে।

সিদ্ধান্ত: ২। বিতরণকৃত ঋণ আদায় নিশ্চিত করতে হবে। নতুন সমিতি গঠন, সদস্য নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।

বাস্তবায়ন: উপজেলা প্রকল্প কর্মকর্তা, (পজীপ)

১৪ <u>আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক)</u>: ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক সভায় জানান যে, আমার বাড়ি আমার খামার প্রকল্পের কাজ সমাপ্তি ঘটেছে ৩০.০৭.২০২১ খ্রি. তারিখে। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানটি পল্লী সঞ্চয় ব্যাংক হিসাবে কাজ করছে।

| ক্র. নং | সংখ্যা | মোট |
|---|---|---|
| ০১ | সমিতির সংখ্যা | ৩৯৫ টি |
| ০২ | সদস্য সংখ্যা | ১৮,১৫৯ জন |
| ০৩ | মাসের সঞ্চয় আদায় | ৪.২০ (লক্ষ টাকা) |
| ০৪ | বছরে সঞ্চয় আদায় | ৪.২০(লক্ষ টাকা) |
| ০৫ | মাসের ঋণ আদায় | ৮৪.৪৯ (লক্ষ টাকা) |
| ০৬ | বছরে ঋণ আদায় | ৮৪.৪৯ (লক্ষ টাকা) |
| ০৭ | মাসের ঋণ বিতরণ | ৬৬.৪০ (লক্ষ টাকা) |
| ০৮ | বছরে ঋণ বিতরণ | ৬৬.৪০ (লক্ষ টাকা) |
| ০৯ | ২০২৪-২৫ অর্থবছরে লাভ হয়েছে | ৩৬.৭২ (লক্ষ টাকা) |

অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত: ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে।

বাস্তবায়ন: ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।

১৫ <u>উপজেলা খাদ্য বিভাগ</u> : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচীতে নিবন্ধিত ভোক্তাদের নিকট ৭৭.৩০০ মে: টন চাল বিতরণ করা হয়েছে। ৩০০টি কার্ড বিতরণ করা হয়েছে। এছাড়া অত্র বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে।

সিদ্ধান্ত: নিয়মিত কার্যক্রম মনিটরিং করতে হবে।

বাস্তবায়ন: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, গফরগাঁও



CamScanner

<table>
<tr><th>নং</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr><td>১৬</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, মা ও শিশু স্বাস্থ্য এবং কিশোর কিশোরীদের সার্বিক পরিস্থিতি উন্নয়ন রক্ষায় কার্যক্রম চলমান রয়েছে। সেপ্টেম্বর/২৫ মাসে CAR =৭৫.৬৬% অর্জিত হয়েছে এবং Normal Delivery সেবা নিয়েছেন ৯৯ জন। সেবা গ্রহণকারী মোট গর্ভবতী ৩,২০১ জন। এছাড়াও তিনি জানান যে, ইউনিয়ন ভিত্তিক জন্ম নিবন্ধনের জন্য মোট ৩০০ জন শিশু জন্মের তথ্য এবং ৮৯ জনের মৃত্যুর তালিকা উপজেলা পরিষদে জমা দেয়া হয়েছে। ইউনিয়নভিত্তিক নিবন্ধনের তালিকা পেলে সুবিধা হবে। FWC গুলোর সেবার মান উন্নয়নের লক্ষ্যে সহযোগিতা করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। পরিবার পরিকল্পনার সেবার কার্যক্রমকে তরান্বিত করার জন্য OTএবং Post-operative Room এর সংস্কার কাজে উপজেলা পরিষদের সহযোগিতা কামনা করেন। সক্ষম দম্পত্তি ৯০৪২১ গ্রহণকারী ৬৮৭৮৮ সিএআর ৭৬.০৮ %
<table>
<tr><th>বিভিন্ন পদ্ধতির নাম</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অর্জন</th></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (পুরুষ)</td><td>২০</td><td>০</td></tr>
<tr><td>স্থায়ী পদ্ধতি (মহিলা)</td><td>১৫</td><td>০</td></tr>
<tr><td>আইইউডি</td><td>৫০</td><td>৫৫</td></tr>
<tr><td>ইমপ্ল্যান্ট</td><td>৭০</td><td>৪৭</td></tr>
<tr><td>ইনজেটেবল</td><td>১৬৮৪০</td><td>৯৩৭০</td></tr>
<tr><td>খাবারবড়ি</td><td>৩৪৫৬৬</td><td>৩৮৫৯৯</td></tr>
<tr><td>কনডম</td><td>৬২০২</td><td>৬১০০</td></tr>
</table>
চরআলগী এবং উস্থি ইউনিয়ন পরিষদ WFC তে পানির সুব্যবস্থা করে দেয়ার জন্য জনস্বাস্থ্য প্রকৌশল, গফরগাঁও, ময়মনসিংহকে ধন্যবাদ জানান। লংগাইর ইউনিয়ন পরিষদের WFC তে পানির সুব্যবস্থা করে দেয়ার জন্য অনুরোধ জানান। মাঠ পর্যায়ে মোবাইল ক্যাম্পিং অব্যাহত আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>১। নিয়মিতভাবে মাঠ পর্যায়ে মনিটরিং কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। উপজেলা ও ইউনিয়ন কমিটির সভা নিয়মিত করতে হবে।</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার</td></tr>
<tr><td>১৭</td><td>উপজেলা সমবায় বিভাগ: উপজেলা সমবায় অফিসার সভায় জানান যে, গফরগাঁও উপজেলার সমবায় বিভাগের কার্যক্রমের মধ্যে সমবায় সমিতি গুলো ২০২৩-২০২৪ খ্রি. সনের বার্ষিক অডিট জুলাই/২৪ খ্রি. মাস হতে অডিট কার্যক্রম শুরু হয়েছে। আমরা অডিট অফিসারগণ বার্ষিক লক্ষ্যমাত্রা অনুযায়ী জুলাই/২৪ খ্রি. মাসে অডিট কার্যক্রম শুরু হয়েছে। অডিটযোগ্য সমবায় সমিতির সংখ্যা -৫৬টি। তাছাড়াও সমবায় সমিতিগুলো নিয়মিতভাবে তদন্ত, পরিদর্শন ও তদারকী কার্যক্রম অব্যাহত আছে। সমবায় সমিতিগুলোর ভ্রাম্যমাণ প্রশিক্ষণ ও নিবন্ধন কার্যক্রম অব্যাহত আছে। ২০২৩-২০২৪ বছরে ৫০ জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ প্রদাণ করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে সমবায় পুরস্কারের জন্য অত্র উপজেলা হতে ০৬ টি শ্রেষ্ঠ সমিতির তালিকা প্রেরণ হয়েছে। ২০২৩-২০২৪ খ্রি.বছরে অডিট ফি- ১৪৪৩০/- ১৫%ভ্যাটবাবদ-২১৬৫/- ও সমবায় উন্নয়ন তহবিল ৪৩৬২/- । সরকারী রাজস্ব ১০০% আদায় করে সরকারী কোষাগারে প্রেরণ করা হয়েছে। গফরগাঁও উপজেলা মোট সমবায় সতিমি সংখ্যা-২৫৯টি ।এর মধ্যে কার্যকর সমিতি ৫৬টি ও অকার্যকর -২০৩টি ।যার কার্যক্রম চলমান রয়েছে। মাননীয় প্রধান উপদেষ্টার ০৭ টি আশ্রয়ণ-২ প্রকল্পের মধ্যে......১. আশ্রয়ণ-২ প্রকল্প-১ সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ২০৯০০০০/- (বিশ লক্ষ নব্বই হাজার টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ১১৮৫২৩৫/- (এগারো লক্ষ পঁচাশি হাজার দুইশত টাকা মাত্র)। সার্ভিস চার্জ= ৮৮৮০৯/- (আটাশি হাজার আটশত নয় টাকা মাত্র)। ইতোমধ্যে প্রধান উপদেষ্টার কার্যালয়ে ২৬৩৯৫/- (ছাব্বিশ হাজার তিনশত পঁচানব্বই টাকা মাত্র) প্রেরণ করা হয়েছে। (২) আশ্রয়ণ-২ প্রকল্প-২ সমবায় সমিতি লিমিটেড এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ২১১১৩৯৫/- (একুশ লক্ষ এগারো হাজার তিনশত পঁচানব্বই টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ১১৭১৯১১/- (এগারো লক্ষ একাত্তর হাজার নয়শত এগারো টাকা মাত্র)। সার্ভিস চার্জ = ৮৯৮৯৪/- (উনানব্বই হাজার আটশত চুরানব্বই টাকা মাত্র)। ইতোমধ্যে প্রধান উপদেষ্টার কার্যালয়ে ২৪৭১৩/- (চব্বিশ হাজার সাতশত তেরো টাকা মাত্র) প্রেরণ করা হয়েছে। ৩. রোস্তম আলী আশ্রয়ণ প্রকল্প সমবায় সমিতি লিঃ এর সদস্যের মধ্য প্রতি পরিবারে ৩০০০০/-(ত্রিশ হাজার টাকা মাত্র) করে ঋণ প্রদান করা হয়েছে। মোট ঋণ বিতরণ ৪৯৩৩৯৫/- (চার লক্ষ তিরা নব্বই হাজার তিনশত পঁচানব্বই টাকা মাত্র)। ঋণ আদায় আসল= ৮৮৮৩৯/- (আটাশি হাজার তিনশত উনপঞ্চাশ টাকা মাত্র)। সার্ভিস চার্জ = ৭২৪৫/-(সাত হাজার দুইশত পঁয়তাল্লিশ টাকা মাত্র)। । ইতোমধ্যে প্রধান উপদেষ্টার কার্যালয়ে ১৭৯৯/- (এক হাজার সাতশত নিরানব্বিই টাকা মাত্র) প্রেরণ করা হয়েছে।</td><td>০১। নিয়মিত মনিটরিং করতে হবে।<br>০২। সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে।</td><td>উপজেলা সমবায় অফিসার</td></tr>
</table>

চলমান পাতা-০৬

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১৮ | **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগঃ** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দ হতে সরকারি নির্দেশনা অনুযায়ী বিধি মোতাবেক সিদ্ধান্ত গ্রহণ করা হচ্ছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সকল কার্যক্রম সঠিকভাবে এবং নিয়মিত মনিটরিং করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য |
| ১৯ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, যুব উন্নয়ন অধিদপ্তর (১৮ থেকে ৩৫ বৎসর) যুবদেরকে প্রশিক্ষণ দিয়ে থাকে এবং প্রশিক্ষণ গ্রহণ করে তারা আত্মনির্ভরশীল কাজে নিয়োজিত হয়ে থাকে। চলমান অর্থ বছরে ০৯ জন সদস্য/সদস্যাদের মাঝে ৭,৮০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ৩০ জন যুব নারীদেরকে সেলাই প্রশিক্ষণ দেয়া হয়েছে। জনপ্রতি প্রশিক্ষণার্থীদেরকে ৬০০/- টাকা হারে যাতায়াত ভাতা প্রদান করা হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য সকল কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | ১। ঋণ কার্যক্রম সঠিকভাবে মনিটরিং করতে হবে।<br>২। প্রশিক্ষণ দ্রুত শুরু করতে হবে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার |
| ২০ | **উপজেলা পরিসংখ্যান বিভাগঃ** উপজেলা পরিসংখ্যান অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, উপজেলা পরিসংখ্যান অফিস গফরগাঁও, ময়মনসিংহ এর বিভাগীয় কার্যক্রম চলমান আছে। মাসিক স্থায়ী অস্থায়ী ফসলের রিপোর্ট প্রেরণ করা হয়েছে। অর্থনৈতিক শুমারি ২০২৪ এর মূল কার্যক্রম সম্পন্ন হয়েছে, সংশোধনী চলমান রয়েছে। এছাড়া অফিসের সকল নিয়মিত কার্যক্রম স্বাভাবিক নিয়মে চলছে। | সকল কার্যক্রম যথাসময়ে সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা গফরগাঁও |
| ২১ | **উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশনঃ** উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান যে, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন গফরগাঁও কার্যালয় পল্লীর অসুবিধাগ্রস্থ দরিদ্র্য জনগোষ্ঠীর আর্থসামাজিক উন্নয়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে । অত্র কার্যালয়ে ৯৫টি সমিতিতে মোট ৪০১৫ জন সদস্য আছে। জুলাই/২৫ পর্যন্ত ১১৫৫জন সদস্যের মাঝে সর্বমোট ৭৬০.০০(সাত কোটি ষাট লক্ষ টাকা) ঋণ বিতরণ করা হয়েছে। আদায়ের হার ৯৯% এবং ক্রমপুঞ্জিভূত ৯৯%, বিভিন্ন সঞ্চয় স্থিতি ৫১০.০০(পাঁচ কোটি দশ লক্ষ)টাকা, সয়ম্ভরতার হার ১৫৬%। কার্যালয়ের সার্বিক কার্যক্রম স্বাভাবিক গতিতে চলছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কার্যক্রম শত ভাগ অর্জিত হয়েছে। | ঋণ আদায়ের ক্ষেত্রে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে এবং ঋণ আদায় কার্যক্রম বেগবান করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা |
| ২২ | **উপজেলা আনসার ও ভিডিপিঃ** উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী শান্তি, শৃংখলা উন্নয়ন ও নিরাপত্তায় কাজ করে যাচ্ছে। বিগত বছরে সর্বমোট ০৪(চার) টি ইউনিয়নে ভিডিপি ট্রেনিং সম্পন্নের মধ্যেমে ১৮ থেকে ২৫ বছরের বয়সের শিক্ষিত প্রশিক্ষনার্থীর মাধ্যমে স্বেচ্ছাসেবী ও কর্মঠ যুবক-যুবতীদের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়। যাতে করে পরবর্তীতে স্বেচ্ছাসেবী হিসেবে দেশ ও দশের কল্যাণে ভূমিকা রাখতে পারে।বর্তমানে উপজেলার বিভিন্ন অবকাঠামোগত উন্নয়নে আনসার ও ভিডিপি ক্লাব সমিতি সতেজ করণ কার্যক্রম চলমান রয়েছে। অত্র গফরগাঁও উপজেলা হতে ভিডিপি মৌলিক প্রশিক্ষণার্থীদের মধ্য থেকে ০৮ (আট) জন পুরুষ সদস্যকে রেঞ্জ কার্যালয়, আনসার ও ভিডিপি, ময়মনসিংহ রেঞ্জ-এ ২৮ দিন মেয়াদি অ্যাডভান্স কোর্স-এ অংশগ্রহণ করেছে। উক্ত ট্রেনিং সম্পন্ন করার পর ঐ সকল সদস্যগণ আগামী নির্বাচনে সেচ্ছাসেবী হিসেবে দায়িত্ব পালন করতে পারবে। বিভাগীয় অন্যান্ন কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে পুলিশের পাশাপাশি আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সব সময় প্রস্তুত থাকতে হবে।<br>২। প্রশিক্ষণ কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ২৩ | **পল্লী বিদ্যুৎ বিভাগঃ** ডিজিএম পল্লী বিদ্যুৎ সমিতি, বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক রয়েছে। উপকেন্দ্র নির্মাণের জন্য জমি ক্রয় করা হয়েছে (প্রস্তাবিত পাগলা, চরমছলন্দ ও রাওনা জমি ক্রয়ে প্রক্রিয়া চলমান আছে)। গ্রীষ্মকালে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ভালুকা গ্রীড হতে গফরগাঁও উপকেন্দ্র (মশাখালী) পর্যন্ত ৩৩ কেভি লাইন এককভাবে চালানোর জন্য নতুন লাইন নির্মাণ ও গ্রীড উপকেন্দ্রে বে-ব্রেকার চালুর কাজ চলমান। উত্তম গ্রাহক সেবা প্রদানের লক্ষ্যে শ্রীপুর গ্রীড হতে ৩৩ কেভি সোর্স লাইন চালুর কাজ চলমান রয়েছে। নিরবিচ্ছিন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিতরণ ট্রান্সফরমার সমূহ গ্রাউন্ডিং করণ, ওভার লোডের কন্ডাক্টর পরিবর্তন করা, ক্যাপাসিটর স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। বর্তমান জোনাল অফিসের গ্রাহক অভিযোগ নিরসন ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এর জন্য গফরগাঁও জোনাল অফিস ছাড়াও চারটি অভিযোগ কেন্দ্র রয়েছে। মশাখালী অভিযোগ কেন্দ্রটি চালুর প্রক্রিয়াধীন রয়েছে। উক্ত অভিযোগকেন্দ্রটি চালু হলে সহজেই অভিযোগ নিরসনসহ নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করা যাবে এবং গ্রাহকগণ দ্রুত সেবা পাবেনা। বিলিং অভিযোগ হ্রাস কল্পে অন-লাইনের মাধ্যমে (বিকাশ, রকেট ইত্যাদি) বিদ্যুৎ বিল পরিশোধের বিষয়টি চলমান আছে ফলে গ্রাহকগণ ঘরে বসেই বিল পরিশোধের সুযোগ পাচ্ছেন, এছাড়াও যথাসময়ে সঠিকভাবে রিডিং গ্রহণ এবং গ্রাহক প্রান্তে বিল পৌছানোসহ মিটার রিপোর্ট সঠিকভাবে প্রস্তুত ও বাস্তবায়নস করা হচ্ছে। গ্রাহক সংযোগ সম্ভাব্য লোড ও ভৌগলিক অবস্থা বিবেচনা করে স্বল্পমেয়াদী এবং দীর্ঘ মেয়াদী পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নে কার্য্যকরী পদক্ষেপ গ্রহণ করা হচ্ছে। বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের লক্ষ্যে লাল/উকিল নোটিশ প্রদান করা হচ্ছে। ৯০ দিনের উর্ধ্বে বকেয়া বিদ্যুৎ বিল হ্রাস করার লক্ষ্যে বিল আদায়ের কার্যক্রম জোরদার করা হয়েছে এবং সংযোগ বিচ্ছিন্ন কার্যক্রম চলমান আছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়নের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। বিচ্ছিন্ন গ্রাহকের বকেয়া আদায়ের লক্ষ্যে লাল/ উকিল নোটিশ প্রদান করা হচ্ছে। বিভিন্ন সরকারি অফিসের বকেয়া রয়েছে। সংশ্লিষ্ট সকলকে বকেয়া পরিশোধের জন্য অনুরোধ করেন। | ডি.জি.এম পল্লী বিদ্যুৎ সমিতি |

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২৪ | **উপসহকারী প্রকৌশলী (বিএডিসি সেচ):** সভায় জানান যে, সেচের অবৈধ বিদ্যুৎ লাইন কর্তন কার্যক্রম চলমান। লাইসেন্স নবায়নের জন্য তাগিদ প্রদান করা হচ্ছে। এছাড়াও অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি-সেচ) |
| ২৫ | **উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা:** সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরে গফরগাঁও উপজেলায় ১০০ জন পাট চাষীর জন্য ২০ কেজি ভিত্তি পাট বীজ পাওয়া যায়। উক্ত বীজ ১০০ জন পাট চাষীর মধ্যে বিতরণ সম্পন্ন করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা |
| ২৬ | **ইসলামিক ফাউন্ডেশন:** ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন জানান যে, ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম এর গফরগাঁও উপজেলায় সর্বমোট ২১৭টি শিক্ষাকেন্দ্র রয়েছে। প্রাক-প্রাথমিক ৭৫টি, সহজ কুরআন শিক্ষা ১৪১টি ও ০১টি বয়স্ক শিক্ষাকেন্দ্র রয়েছে। পৌরসভাসহ সকল ইউনিয়নে মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম এর কেন্দ্র রয়েছে। তাছাড়া ০১টি মডেল রিসোর্স সেন্টার ও ০৩টি সাধারণ রিসোর্স সেন্টার চালু রয়েছে। মডেল ও সাধারণ রিসোর্স সেন্টারগুলোতে বই ও পত্রিকা পাঠ সর্বসাধারণের জন্য উন্মুক্ত। উক্ত উপজেলায় ০২টি দারুল আরকাম ইবতেদায়ী মাদরাসা রয়েছে যেখানে প্রথম শ্রেণি থেকে চতুর্থ শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয়ে থাকে। শিক্ষাকেন্দ্র সমূহে যথাযথভাবে পাঠদান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে এবং পরিদর্শন অব্যাহত রয়েছে। সামাজিক সমস্যাবলী নিরসনে জুম'আর খুতবায় ইমাম ও খতিবগণের মাধ্যমে জনসচেতনতা আনয়নে কুরআন ও হাদিসের আলোকে বক্তব্য প্রদান করা। এছাড়াও সাব-ক্লাস্টার প্রশিক্ষণ ও মাসিক শিক্ষক সমন্বয় সভায় শিক্ষা কার্যক্রমের অগ্রগতির পাশাপাশি বাল্যবিবাহ, যৌতুক, ইভটিজিং, দুর্নীতি, মাদক ও সন্ত্রাস-জঙ্গীবাদ প্রতিরোধে সামাজিক সমস্যাবলী নিরসনে আলোচনা করা রয়েছে। প্রতিটি শিক্ষাকেন্দ্রের পাশে খালি জায়গায় বিভিন্ন ধরণের মৌসুমী শাক-সবজি চাষ করার জন্য কেন্দ্র শিক্ষক ও অভিভাবকদের উৎসাহিত করার বিষয়টি চলমান রয়েছে। গফরগাঁও মডেল মসজিদের ভবন এর কাজ সমাপ্তির পরত মডেল মসজিদ সভাপতি বুঝে নেওয়ার জন্য চিঠি প্রদান করেছেন। এ বিষয়ে একটি উপকমিটি গঠন করা হয়েছে। আগামী সপ্তাহের মধ্যে উক্ত কমিটি স্বরজমিনে তদন্ত করে রিপোর্ট প্রদান করার পর সভাপতি পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। সন্ত্রাস, জঙ্গীবাদ ও নাশকতা বিরোধী প্রচার প্রচারণার মসজিদ ভিত্তিক কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, গফরগাঁও |
| ২৭ | **উপজেলা তথ্য কেন্দ্র:** তথ্যসেবা কর্মকর্তার সভায় জানান যে, তথ্য আপাদের ডোর-টু-ডোর, উঠান বৈঠক ও তথ্য কেন্দ্রে মহিলাদের সেবা প্রদানের সকল কার্যক্রম স্বাভাবিকভাবেই চলছে। উপজেলা তথ্যকেন্দ্র, গফরগাঁও, ময়মনসিংহ এর কার্যক্রম সমূহ;<br>১। তথ্য ও প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান,<br>২। ভর্তি পরীক্ষার ফলাফল,<br>৩। ভর্তি পরীক্ষার ফরম পূরণ,<br>৪। চাকরির আবেদন পত্র পূরণ,<br>৫। ই-মেইল, ম্যাসেঞ্জার, স্কাইপির সাহায্যে যোগাযোগ<br>৬। কৃষি, শিক্ষা, ব্যবসা ইত্যাদি সংক্রান্ত পরামর্শ প্রদান,<br>৭। আইনি সহায়তা পরামর্শ প্রদান<br>৮। ডায়াবেটিকস পরীক্ষা, রক্তচাপ পরীক্ষা, তাপমাত্রা ও ওজন পরিমাপ,<br>৯। গ্রামীণ নারীদের উৎপাদিত ও সংগৃহিত পণ্য বিক্রয়ের জন্য www.laalsobuj.com মার্কেটপ্লেস পরিচালনা।<br>উপরোক্ত সেবাসমূহ তথ্যকেন্দ্র হতে ডোর টু ডোর পদ্ধতিতে এবং উঠান বৈঠকের মাধ্যমে প্রদান করা হয়। উঠান বৈঠক ডোর টু ডোরসহ সকল কার্যক্রম চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। গ্রামীণ মহিলাদের বিভিন্ন অনলাইনে আবেদনে সহযোগীতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২। নিয়মিত উঠান বৈঠক আয়োজন করতে হবে। | তথ্যসেবা কর্মকর্তা, উপজেলা তথ্য কেন্দ্র, গফরগাঁও |

বিবিধ আলোচনা:

| নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ২৮ | উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও সমন্বয়ের মাধ্যমে সকল বিভাগীয় প্রধানগণ দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ জানান। হাসপাতালগুলোতে দালালমুক্ত করতে হবে, বাল্য বিবাহ নিরোধে সকলকে সতর্ক থাকতে হবে, ভুয়া জন্ম সনদ থেকে সকলকে সচেতন থাকতে হবে। প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা অফিসার বিদ্যালয়ে শিক্ষার মান বৃদ্ধির লক্ষে মনিটরিং বাড়াতে হবে। ছাত্র-ছাত্রীদেরকে ভালো কাজে অন্তর্ভুক্ত করতে হবে। সকল উন্নয়নমূলক কর্মকান্ডের গুণগতমান অক্ষুন্ন রাখার জন্য সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। দ্রুত উন্নয়ন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন পরিষদে গ্রাম আদালত কার্যক্রম সক্রিয়করণের বিষয়ে অনুরোধ জানান। ইউনিয়ন পর্যায়ের মাসিক সভাসমূহ নিয়মিতভাবে করার জন্য সকল ইউপি প্রশাসকগণকে অনুরোধ জানান। | সরকারের সকল উন্নয়ন মূলক কাজ সরকারি নির্দেশনা অনুযায়ী বাস্তবায়ন করতে হবে। | সংশ্লিষ্ট সকল |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22.10.25

(এন. এম. আবদুল্লাহ-আল-মামুন)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ

স্মারক নম্বর: ০৫.৪৫.৬১২২.০০১.০৬.০০৯.২৫-৯৪৮/১(৬০) তারিখ: ২২.১০.২০২৫ খ্রি:

অনুলিপি: সদয় অবগতি/অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক, ময়মনসিংহ
০২। উপসচিব, স্থানীয় সরকার বিভাগ, উপ-১ শাখা/উপ-২ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ
০৪। প্রশাসক, গফরগাঁও পৌরসভা, গফরগাঁও, ময়মনসিংহ
০৫। উপজেলা ............................................................ অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ
০৬। প্রশাসক, ............................................................ ইউনিয়ন পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ
০৭। জনাব ..................................................................গফরগাঁও,ময়মনসিংহ
০৮। অফিস কপি

22.10.25

(এন. এম. আবদুল্লাহ-আল-মামুন)
উপজেলা নির্বাহী অফিসার
গফরগাঁও, ময়মনসিংহ